# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১২৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪২. জুমু‘আহর সালাতে কোন সূরাহ পাঠ করবে?

باب مَا يُقْرَأُ بِهِ فِي الْجُمُعَةِ

---

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، حَدَّثَنَا سُلَيْمَانُ، ـ يَعْنِي ابْنَ بِلاَلٍ ـ عَنْ جَعْفَرٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ أَبِي رَافِعٍ، قَالَ صَلَّى بِنَا أَبُو هُرَيْرَةَ يَوْمَ الْجُمُعَةِ فَقَرَأَ بِسُورَةِ الْجُمُعَةِ وَفِي الرَّكْعَةِ الآخِرَةِ ‏(‏إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ ‏)‏ قَالَ فَأَدْرَكْتُ أَبَا هُرَيْرَةَ حِينَ انْصَرَفَ فَقُلْتُ لَهُ إِنَّكَ قَرَأْتَ بِسُورَتَيْنِ كَانَ عَلِيٌّ ـ رضى الله عنه ـ يَقْرَأُ بِهِمَا بِالْكُوفَةِ ‏.‏ قَالَ أَبُو هُرَيْرَةَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقْرَأُ بِهِمَا يَوْمَ الْجُمُعَةِ ‏.‏

ـ صحيح : م

বাংলা

১১২৪। ইবনু আবূ রাফি’ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আবূ হুরাইরাহ (রাঃ) আমাদের সাথে জুমু’আহর সালাত আদায় করলেন। তিনি (প্রথম রাক’আতে) সূরাহ জুমু’আহ পড়লেন এবং দ্বিতীয় রাক’আতে সূরাহ ’ইযা জা-আকাল মুনা-ফিকূন’’ তিলাওয়াত করলেন। ইবনু আবূ রাফি’ (রহঃ) বলেন, আবূ হুরাইরাহ (রাঃ) সালাত শেষে প্রত্যাবর্তনকালে আমি তাকে গিয়ে বললাম, আপনি এমন দু’টি সূরাহ পাঠ করেছেন যা ’আলী (রাঃ) কুফাতে পাঠ করতেন। আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জুমু’আহর দিন (জুমু’আহর সালাতে) এ দু’টি সূরাহ তিলাওয়াত করতে শুনেছি।[1]

সহীহ : মুসলিম।

## English

Al-Dahhak b. Qais asked al-Nu'man b. Bashir:
What did the Messenger of Allah (ﷺ) recited on Friday after reciting the

Surah al-Jumu'ah (62). He replied: He used to recite, "Had the story of overwhelming event reached you ?" (88).

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : জুমু‘আহ, অনুঃ জুমু‘আহর সালাতের ক্বিরাআত), তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ জুমু‘আহর সালাতের ক্বিরাআত, হাঃ ৫১৯), ইমাম তিরমিযী বলেন, আবূ হুরাইরাহর হাদীসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ জুমু‘আহর সালাতের ক্বিরাআত, হাঃ ১১১৯), আহমাদ (২/২ঃ৪২৯), ইবনু খুযাইমাহ (হাঃ ১৮৪৩) সকলে ইবনু আবূ রাফি‘ হতে আবূ হুরাইরাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ উবায়দুল্লাহ ইবনে আবু রাফে (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন